দর্শনায় উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

দর্শনা “পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘ” এর উদ্যোগে উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৫টায় দর্শনা পুরাতন বাজার হাজী লাল মোহাম্মদের বাড়ির সামনে আয়োজিত এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘের সাধারণ সম্পাদক উত্তম রঞ্জন দেবনাথ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি এনামুল হক শাহ মুকুল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সহ-সভাপতি রমিজ উদ্দিন মল্লিক, মোঃ আরিফুল্লাহ তরফদার, সাংগঠনিক সম্পাদক অপু সুলতান, প্রচার ও প্রকাশনা সম্পাদক মাহমুদ হাসান রনি, সদস্য রাসেদ মল্লিক, জহির উদ্দিন স্বপন, উপদেষ্টা পরিষদের সদস্য সোহেল মনিরুজ্জামান মনি এবং অ্যাডভোকেট সিরাজুল ইসলাম সিরাজ প্রমুখ।

পরে উপদেষ্টা কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং মহল্লার এসএসসি ও ৫ম শ্রেণি পাশ করা শিক্ষার্থীদের মধ্যে ক্রেস্ট প্রদান করা হয়।

মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর

মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুস সালাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক এ সময় স্বাগত বক্তব্য রাখেন।

এর আগে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ফুল দিয়ে বরণ করা হয়।

ফারিয়া কর্তৃক বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা শাখার সংবর্ধনা অনুষ্ঠান

দামুড়হুদা থানা ফারিয়া কর্তৃক বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা শাখার সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত। দামুড়হুদা থানা ফারিয়ার সভাপতি মোজাম্মেল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতির দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আ স ম দুদু ইসলাম।

গতকাল শুক্রবার বেলা তিনটার দিকে দামুড়হুদা থানা ফারিয়া আয়োজনে ক্যাফে রুপকথা হাউজে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই প্রবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা থানা ফারিয়ার ক্রীড়া সম্পাদক আসাদুসজ্জামান আসাদ ও প্রবিত্র গীতা পাঠ করেন দামুড়হুদা থানা ফারিয়ার সহসভাপতি গৌতম চন্দ্র মন্ডল।